গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নংঃ- স্বাঃশিশঃঅধিঃ/চিঃশিঃ/ভর্তি/এমবিবিএস/২০২০-২০২১/৪৬১২ তারিখ ঃ ২৪-০৩-২০২১ খ্রিঃ

বিষয়: ২০২০-২০২০ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারীদের জন্য সতর্কবার্তা।

আগামী ০২-০৪-২০২১ খ্রিঃ, রোজ শুক্রবার সকাল: ১০:০০ ঘটিকায় ২০২০-২০২১ইং শিক্ষা বর্ষে সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য বাংলাদেশের ১৯ টি কেন্দ্রে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রতি বছর এমবিবিএস ভর্তি পরীক্ষাকে সামনে রেখে কিছু কুচক্রীমহল, দূর্নীতিবাজ ব্যক্তি বা গ্রুপ কোচিং সেন্টারের নামে বা ব্যক্তিগতভাবে অনলাইন এর বিভিন্ন মাধ্যমে যথাক্রমে: ফেসবুক, ম্যাসেঞ্জার, হটসএ্যাপ, ভাইবার, ইমো ইত্যাদির মাধ্যমে মেডিকেল কলেজে ভর্তির বিষয়ে ১০০% কমন সাজেশন, সিক্রেট সাজেশন, এক্সক্লুসিভ প্রোগ্রামের মাধ্যমে বা গ্যারান্টি সহকারে ভর্তি ইত্যাদি কথা বলে গোপনে বড় অংকের টাকা দাবী করে থাকে। মেধাবী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে এহেন টাকা সংগ্রহ করে প্রতারক চক্র আর্থিক ভাবে লাভবান হয়ে থাকে। এ কাজ অবশ্যই জনস্বার্থের পরিপন্থি ।
মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষা এ যাবৎ কালে সর্বোচ্চ স্বচ্ছতার সাথে অনুষ্ঠিত হয়ে এসেছে এবং সর্বোচ্চ স্বচ্ছতার সাথে পরীক্ষা গ্রহণের ব্যাপারে বর্তমান সরকারের উর্দ্ধতন নীতিনির্ধারনী মহল সজাগ রয়েছেন। সরকারের ভাবমূর্তি রক্ষায় সকল সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হচ্ছে। ইতোমধ্যেই সকল মেডিকেল কোচিং সেন্টার বন্ধ রাখার জন্য পদক্ষেপ গ্রহন করা হয়েছে। এছাড়াও মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের নির্দেশনায় স্বাস্থ্য মন্ত্রণালয়ে সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে Over Sight Committee গঠন করা হয়েছে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এ-ব্যাপারে সর্তকতার সাথে সার্বিক পরিস্থিতি নজরদারীর মধ্যে রাখছে এবং সেই মোতাবেক মন্ত্রণালয় সর্বদা নির্দেশনা দিয়ে যাচ্ছেন। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর অত্যন্ত দৃঢ়তার সাথে জানাতে চায় যে, শতভাগ সততা ও স্বচ্ছতার সাথে নিশ্ছিদ্র নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষা করে MBBS ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রনয়ন ও পরবর্তীতে সুষ্ঠভাবে পরীক্ষা গ্রহনের কার্যক্রম এগিয়ে চলছে।

কাজেই প্রতারকচক্রের এরকম অনৈতিক ফাঁদে পা না দেওয়া জন্য সংশিষ্ট সকলের সর্তক করা যাচ্ছে। বর্ণিত বিষয়ে ইতোমধ্যে সকল আইন প্রয়োগকারী সংস্থাকে জনস্বার্থ পরিপন্থি এহেন অনৈতিক কর্মকান্ড রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে। এখানে উল্লেখ্য যে, প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে তথ্যপ্রযুক্তি আইনের আওতায় ব্যবস্থা নেওয়া হবে।
পরিশেষে, অভিভাবক ও ছাত্র-ছাত্রী সহ সকল মহলের কাছে অনুরোধ কুচক্রীমহলের এরকম কোন অবৈধ কর্মকান্ড অবহিত হওয়ার সাথে সাথে স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের কন্ট্রোল রুম, টেলিফোন নং: ০২২২২২২৮৫৯৩৩, ০২২২২২৯৭৩৫৩ মোবাইল নং: ০১৭৫৯১১৪৪৮৮, ০১৭৬৯৯[illegible]১৩৭ নম্বরে এবং আইন প্রয়োগকারী সংস্থাকে জানাবেন। সোসাল মিডিয়াতে অনেকে গুজব ছড়াতে পারে, এ ধরনের কার্যক্রমও কাম্য নয়। অনুরূপ প্রতারনার জালে পা না দিয়ে নিবিড়ভাবে পড়াশুনায় মনোনিবেশ করে পরীক্ষায় নিজ যোগ্যতা প্রদর্শনের জন্য ছাত্র-ছাত্রীদেরকে উপদেশ দেওয়া যাচ্ছে।

সার্বিকভাবে একটি পরিচ্ছন্ন ভর্তি প্রক্রিয়ার সফল বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

24/03/2021.

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ফোন ঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল:-

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (দৃষ্টি আ:- যুগ্ম সচিব, (চিকিৎসা শিক্ষা)
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ,মহাখালী, ঢাকা -১২১২। (দৃষ্টি আকর্ষন:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ২০২০-২০২১ ভর্তি পরীক্ষা কমিটির উপদেষ্টা মন্ডলী।
৬. সভাপতি, এমবিবিএস, বিডিএস ২০২০-২০২১ ভর্তি পরীক্ষা কমিটি।
৭. যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৮. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা গেল।
৯. অধ্যক্ষ
১১.ঢাকা, ১২.স্যার সলিমুল্লাহ, ১৩.শহীদ সোহরাওয়ার্দী, ১৪.ময়মনসিংহ, ১৫.চট্রগ্রাম, ১৬.রাজশাহী, ১৭.এমএজি ওসমানী-সিলেট, ১৮.শের-ই-বাংলা-বরিশাল, ১৯.রংপুর, ২০.কুমিল্লা, ২১.খুলনা, ২২.শহীদ জিয়াউর রহমান-বগুড়া, ২৩.ফরিদপুর, ২৪. এম আব্দুর রহিম- দিনাজপুর, ২৫.পাবনা, ৩০. শহীদ সৈয়দ নজরুল ইসলাম-কিশোরগঞ্জ ৩২.শেখ সায়েরা খাতুন-গোপালগঞ্জ, ৪০. মুগদা মেডিকেল কলেজ ও ৫১. ঢাকা সেন্ট্রাল কলেজ, ঢাকা।

নিম্নে বর্নিত বার্তাটি স্থানীয় পত্র-পত্রিকা ও স্থানীয় স্যাটেলাইট চ্যানেলে ধারাবাহিক ভাবে ব্যাপক প্রচার এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী (পুলিশ ও র‍্যাব বাহিনী) কর্তৃপক্ষের সহযোগীতা গ্রহনের জন্য অনুরোধ করা গেল।

বার্তাটি নিম্নরূপ :

"এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার সুযোগ নাই। কাজেই পরীক্ষার্থীদের গুজবে বিশ্বাস না করে প্রতারনার জালে পা না দিয়ে নিবিড়ভাবে পড়াশুনায় মনোনিবেশ করে নিজ যোগ্যতা প্রদর্শনের জন্য উপদেশ দেওয়া যাচ্ছে "।